দৈনিক
ইত্তেফাক

তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

# পাঠ্যক্রমে পরিবর্তন প্রয়োজন

আমাদের দেশে পাবলিক পরীক্ষায় পাস করার পর কোনো ভালো প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা দিতে গেলেই আটকে যায় অনেক শিক্ষার্থী। কিন্তু লক্ষ করলে দেখা যায় যে, এদের মধ্যে ৭৫ শতাংশ শিক্ষার্থী পাবলিক পরীক্ষায় ভালো ফলাফল করেছে। শিক্ষার্থীদের পড়ালেখার মান ভালো করতে পাঠ্যক্রমে পরিবর্তন আনা জরুরি। কেননা একেবারে পড়ালেখা না করে একজন শিক্ষার্থীর পক্ষে পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সম্ভব নয়।

শিক্ষার্থীরা যে পাঠ্যক্রম অনুযায়ী লেখাপড়া করে তাতে মুখস্তবিদ্যার শিক্ষা দেওয়া হয়। উদাহরণস্বরূপ বলা যায়—পাঠ্যক্রমে অনুচ্ছেদ, রচনা ও চিঠিপত্র অনেক কিছুই শেখার জন্য নির্দেশনা দেওয়া থাকে। কিন্তু পাঠ্যক্রমে কোনো জায়গায় এমন নির্দেশনা নেই যে কিভাবে অনুচ্ছেদ, রচনা ও চিঠি ঠিকভাবে লিখতে হবে। শিক্ষার্থীরা মুখস্ত করে সিলেবাস সম্পূর্ণ করে পরীক্ষায় ভালো ফলাফল করলেও জানার বাকি রয়ে যায় অনেক কিছু। কেননা পরীক্ষায় সিলেবাস অনুযায়ী প্রশ্ন দেওয়া হয়, যার উত্তর শিক্ষার্থীরা আগে থেকেই মুখস্ত করে রেখেছে।

এজন্য পাঠ্যক্রম পরিবর্তন করে শিক্ষার্থীদের নতুন আঙ্গিকে শেখানো প্রয়োজন—কিভাবে অনুচ্ছেদ, রচনা ও চিঠিপত্র লিখতে হয়। এভাবে শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করলে প্রশ্ন যাই হোক না কেন পরীক্ষার্থী প্রশ্নের উত্তর ঠিকই লিখতে পারবে। তখন আর কেউ পরীক্ষায় ফেল করবে না, যার ফলাফল স্বরূপ শিক্ষার মান নিয়েও প্রশ্ন উঠবে না। সুতরাং শিক্ষাব্যবস্থার উন্নতির জন্য পাঠ্যক্রমে পরিবর্তন আনা জরুরি। আশা করি কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করবে।

**মো. নিজাম উদ্দিন,**
ইংরেজি বিভাগ,
মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার